

সার্কুলার নং: বিজিএ/কাস/২০২৩/১৪৯

তারিখ: ০৬/০৬/২০২৩

## সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়: বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্সের মেয়াদ বৃদ্ধি প্রসঙ্গে।

সূত্র: (ক) জাতীয় রাজস্ব বোর্ডের এস.আর.ও নং ১৫৮-আইন/২০২৩/কাস্টমস, তারিখ: ২৫/০৫/২০২৩।

(খ) বিজিএমইএ'র পত্র নং বিজিএ/কাস/২০২৩/২২৭০, তারিখ: ০৬/০৩/২০২৩।

সম্মানিত সকল সদস্যের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তৈরি পোশাক শিল্পের সক্ষমতা বজায় রাখা এবং ব্যবসা সহজীকরণ ও ব্যয় হ্রাসের জন্য বন্ড লাইসেন্সের মেয়াদ ২ বছরের পরিবর্তে ০৩ বছর করার জন্য জাতীয় রাজস্ব বোর্ডের নিকট বিজিএমইএ হতে সূত্রোক্ত 'খ' পত্রের মাধ্যমে অনুরোধ জানানো হয়।

জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক সূত্রোক্ত 'ক' এস.আর.ও জারীর মাধ্যমে শুধুমাত্র রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চলে (ইপিজেড) অবস্থিত সরাসরি রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে বন্ড লাইসেন্সের মেয়াদ ০২ বছরের পরিবর্তে ০৩ বছর করা হয়েছে।

পরবর্তীতে সকল রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে উক্ত সুবিধা প্রদান করার জন্য বিজিএমইএ হতে প্রচেষ্টা অব্যাহত থাকবে।

আপনাদের প্রয়োজনীয় কার্যার্থে জাতীয় রাজস্ব বোর্ডের সূত্রোক্ত 'ক' এস.আর.ও এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,

  
মোঃ ফয়জুর রহমান  
মহাসচিব

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ২৫, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
(কাস্টমস)  
প্রজ্ঞাপন

তারিখ : ০৭ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ/২১ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ

এস. আর. ও নং ১৫৮-আইন/২০২৩/কাস্টমস — Customs Act, 1969 (Act IV of 1969)  
এর Section 13 উদ্দেশ্যপূরণকল্পে এবং Section-219 এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড,  
বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালা, ২০০৮ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালায় বিধি ৭ এর পরিবর্তে নিম্নরূপ বিধি-৭ প্রতিস্থাপিত হইবে, যথা :—

“৭। লাইসেন্সের মেয়াদ, ইত্যাদি।—(১) লাইসেন্সের মেয়াদ হইবে লাইসেন্স প্রদানের  
তারিখ হইতে ২ (দুই) বৎসর।

(২) রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল (ইপিজেড) অবস্থিত সরাসরি রপ্তানিমুখী শিল্প  
প্রতিষ্ঠানের ক্ষেত্রে লাইসেন্সের মেয়াদ হইবে লাইসেন্স প্রদানের তারিখ হইতে  
৩ (তিন) বৎসর।

(৩) লাইসেন্সিকে প্রতি বছর তদসংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অডিট সম্পন্ন করিতে হইবে।”

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম  
সিনিয়র সচিব।

মোস্তাফিজুর রহমান, উপপরিচালক (ভারপ্রাপ্ত), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
ব্রেনজন চাষুগাং, উপপরিচালক (উপসচিব) (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(৬২৪৩)

মূল্য : টাকা ৪.০০